



সমাধান Samadhan

Address :

Samadhan Bhaban

Upazila Road, Keshabpur, Jessore - 7450

Bangladesh.

Phone : +88-04226-56549, Cell: 01709-389540

E-mail : info@samadhan-bd.org

: samadhan_rezaul@yahoo.com

Web : www.samadhan-bd.org

Non-Government Voluntary Development Organization

স্মারক নং- সমাধান/অডিট/২৮৭/২০০২- ২৩৫/২০১৭,

তারিখ- জুন ০৭, ২০১৭ খৃস্টাব্দ।

বরাবর

চ্যাটার্জ একাউন্ট্যান্ট

এমআরএ, এনজিও বিষয়ক ব্যুরো এবং পিকেএসএফ এর তালিকাভুক্ত অডিট প্রতিষ্ঠান
বাংলাদেশ।

বিষয় : ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব অডিট করার জন্য অডিট ফর্ম নিয়োগ এর নিমিত্তে আগ্রহপত্র আহবান বিজ্ঞপ্তি।

প্রিয় মহোদয়,

“সমাধান” বাংলাদেশে কর্মরত বেসরকারী স্থানীয় পর্যায়ের একটি সেচ্ছাসেবী ও আর্থিক প্রতিষ্ঠান। অত্র সংস্থার নির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অত্র সংস্থার ২০১৬-২০১৭ ইং সালের হিসাব সমূহের আর্থিক নিরীক্ষা করার জন্য অডিট ফর্ম নিয়োগ এর নিমিত্তে আগামী জুন ১২, ২০১৭ ইং তারিখ বিকাল ০৫.০০ টার মধ্যে বাংলাদেশে কর্মরত এমআরএ, এনজিও বিষয়ক ব্যুরো এবং পিকেএসএফ এর তালিকাভুক্ত অডিট প্রতিষ্ঠান এর নিকট থেকে আগ্রহ ও দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রতিষ্ঠানের পক্ষ হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর ই-মেইল বা ডাকযোগে বা হাতে হাতে প্রতিষ্ঠানের প্রোফাইল এবং সংশ্লিষ্ট কাজের আগ্রহ ও দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তসমূহ:

- ১। সংস্থা কর্তৃক পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের অর্থায়নে পরিচালিত ক্ষুদ্রঋণ কার্যক্রমের হিসাবাদি এবং চলমান নিম্নবর্ণিত অন্যান্য প্রকল্পের হিসাবাদি নিরীক্ষাসহ নিম্ন তালিকা মোতাবেক নিরীক্ষা প্রতিবেদন সমূহ প্রস্তুত ও তা সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ২। প্রতিবেদনের তালিকা নিম্নরূপ:

ক্রম	প্রতিবেদনের বিবরণ	প্রয়োজনীয় সেট সংখ্যা
০১.	ক্ষুদ্রঋণের প্রতিবেদন-০১ (এক) টি	০৪ (চার) সেট
০২.	সংস্থার প্রভিডেন্ট ফান্ডের প্রতিবেদন-০১ (এক) টি	০৪ (চার) সেট
০৩.	সংস্থার গ্রাচুইটি ফান্ডের প্রতিবেদন-০১ (এক) টি	০৪ (চার) সেট
০৪.	সংস্থার সাধারণ তহবিলসহ সকল প্রকল্পের সমন্বিত রিপোর্ট-০১ (এক) টি	০৪ (চার) সেট

সমন্বিত প্রতিবেদনের আওতায় প্রকল্পসমূহের তালিকা ও বিবরণ নিম্নরূপ:

ক্রম	প্রকল্পের নাম ও বিবরণ	সম্ভাব্য আর্থিক প্রক্ষেপন
০১.	সংস্থার সাধারণ তহবিল (বাজেট ২০১৬-২০১৭)	৬৯৩,৫০০/-
০২.	ক্ষুদ্রঋণ কার্যক্রম (মে ২০১৭ মাস শেষে ঋণস্থিতি)	৫০১,৮৯৬,১৪০/-
০৩.	সমাধান প্রভিডেন্ট তহবিল (মে ২০১৭ মাস শেষে তহবিলের পরিমাণ)	১২,৪৬৯,৭৬৩/-
০৪.	সমাধান গ্রাচুইটি তহবিল (মে ২০১৭ মাস শেষে তহবিলের পরিমাণ)	১৭,৭৯৩,১২১/-
০৫.	সমাধান-সিসিসিপি প্রকল্প (২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য)	৫২৪,০৫৩/-
০৬.	সমাধান-স্বাস্থ্যসেবা প্রকল্প (২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য)	৩৮৮,৯৭২/-
০৭.	সমাধান-কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র (বাজেট ২০১৬-২০১৭)	১,৪৮২,৫০০/-

- ৩। নিরীক্ষাকালে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, এনজিও বিষয়ক ব্যুরো এবং এমআরএ কর্তৃক ঘোষিত TOR অনুসরণ করতে হবে।
- ৪। নিরীক্ষা কাজ শুরুতে আপনার প্রতিষ্ঠানকে অগ্রিম প্রদান করা হবে না তবে রিপোর্ট প্রাপ্তির পরবর্তী সাত দিনের মধ্যে সমুদয় টাকা একাউন্ট পেয়ী চেক বা ডিডির মাধ্যমে পরিশোধ করা হবে। আগ্রহ ও দরপত্র দাখিলের জন্য কোন প্রকার নিরাপত্তা জামানত প্রয়োজন হবে না।



সমাধান Samadhan

Address :

Samadhan Bhaban

Upazila Road, Keshabpur, Jessore - 7450
Bangladesh.

Phone : +88-04226-56549, Cell: 01709-389540

E-mail : info@samadhan-bd.org

: samadhan_rezaul@yahoo.com

Web : www.samadhan-bd.org

Non-Government Voluntary Development Organization

- ৫। অডিট ফিস পরিশোধের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক উৎস মূল্যে প্রজোয্য ক্ষেত্রে আয়কর ও ভ্যাট কর্তন করা হবে যা রাষ্ট্রীয় কোষাগারে জমাদান সাপেক্ষে অনুলিপি আপনার প্রতিষ্ঠানকে প্রদান করা হবে।
- ৬। নিরীক্ষা কাজ সম্পন্ন করার জন্য আপনার প্রতিষ্ঠানের প্রতিনিধির ঢাকা হতে কেশবপুর প্রধান কার্যালয়ে যাতায়াত ও খাওয়ার খরচ বাবদ কোন টাকা প্রদান করা হবে না, তবে নিরীক্ষা কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার তাগিদে বিভিন্ন শাখা অফিস এবং মাঠ পর্যায়ে যাতায়াতের জন্য এবং থাকার প্রয়োজন হলে উক্ত যাতায়াত ও থাকা-খাওয়ার ব্যবস্থা সংস্থার ব্যবস্থাপনা এবং খরচে করা হবে।
- ৭। নিরীক্ষা কাজ সম্পাদনের জন্য সংস্থা আপনার প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সকল সহযোগিতা নিশ্চিত করবে।
- ৮। ৩০ আগস্ট '২০১৭ তারিখের মধ্যে সকল প্রতিবেদন সংস্থার অনুকূলে সরবরাহ নিশ্চিত করতে হবে; অন্যথায় কার্যদেশ বাতিল বলে বিবেচিত হবে।

সুতরাং উপরোল্লিখিত বিষয়ের প্রতি বিবেচনা করে আমাদের সংস্থার হিসাব সমূহের নিরীক্ষার নিমিত্তে আপনার প্রতিষ্ঠানের প্রোফাইল এবং সংশ্লিষ্ট কাজের আগ্রহ ও দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

গভীর আন্তরিকতায়

০৭/০৬/২০১৭

মোঃ মেহেদী হাসান

সদস্য সচিব

ক্রয় কমিটি, সমাধান

অনুলিপি :

- হিসাব বিভাগ, প্রধান কার্যালয়, সমাধান।
- কার্যক্রম বিভাগ, প্রধান কার্যালয়, সমাধান।
- অফিস নথি।